

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের কার্যালয়  
সাতক্ষীরা।  
dpeosatk@gmail.com

স্মারক নং-৩৮.০১.৮৭০০.১৪০.৯৯.০১৯.১৯-২০৮৫/৭

তারিখঃ ৩১/০৭/২০১৯ খ্রি.

**বিষয় :** স্বাধীনতার মহান ছুপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৪তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস ২০১৯ পালন।

সূত্র : জেলা প্রশাসক, সাতক্ষীরা মহোদয়ের স্মারক নং-০৪.৪৪.৮৭০০.০১০.২১.০৩৬.১৮-২০১৯-৭৮৬, তারিখ : ৩০/০৭/২০১৯ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ১৫ আগস্ট ২০১৯ তারিখ বৃহস্পতিবার স্বাধীনতার মহান ছুপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৪তম শাহাদত বার্ষিকীতে যথাযথ মর্যাদায় ও ভাবগম্ভীর পরিবেশে সকল প্রাথমিক শিক্ষা প্রতিষ্ঠানে জাতীয় শোক দিবসের কর্মসূচি পালন নিশ্চিত করতে হবে।

- ০২। সরকারি প্রাথমিক বিদ্যালয়, কিন্ডারগার্টেন ও ইবতেদায়ী মাদ্রাসাসহ সকল প্রাথমিক শিক্ষা প্রতিষ্ঠানে জাতীয় পতাকা অর্ধনমিত থাকবে।
- ০৩। সকল সরকারি-বেসরকারি প্রাথমিক বিদ্যালয়, কিন্ডারগার্টেন ও ইবতেদায়ী মাদ্রাসাসমূহে আলোচনা সভা, জাতীয় শোক দিবসের সঙ্গে সঙ্গতিপূর্ণ কবিতা পাঠ, রচনা প্রতিযোগিতা, চিত্র প্রদর্শন, হামদ ও নাট প্রতিযোগিতা এবং দোয়া মাহফিলের আয়োজন করতে হবে।
- ০৪। আগামী ০১/০৮/২০১৯খ্রি. তারিখ হতে সকল শিক্ষা প্রতিষ্ঠানে চিত্রাঙ্কন ও সুন্দর হাতের লেখা প্রতিযোগিতার আয়োজন করতে হবে। ক-বিভাগ : ১ম-২য় শ্রেণি, বিষয়-উনুজ, খ-বিভাগ : ৩য়-৫ম শ্রেণি, বিষয়-১৯৭১ সালের মুক্তিযুদ্ধ (জল রং)। শিক্ষা প্রতিষ্ঠান পর্যায়ে ১ম স্থান অধিকারী প্রতিযোগীদের জেলা/উপজেলা পর্যায়ের প্রতিযোগিতায় অংশগ্রহণ নিশ্চিত করতে হবে। জেলা পর্যায়ের প্রতিযোগিতা ১৫/০৮/২০১৯ খ্রি. তারিখে সাতক্ষীরা সদর উপজেলা অডিটরিয়ামে অনুষ্ঠিত হবে।
- ০৫। আগামী ১৫/০৮/২০১৯ খ্রি. তারিখ সকাল ৯.০০ ঘটিকায় জেলা প্রশাসকের কার্যালয় হতে শোক র্যালি অনুষ্ঠিত হবে এবং জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ করা হবে। ১৫/০৮/২০১৯ খ্রি. তারিখ সকাল ১০.৩০ ঘটিকায় জেলা শিল্পকলা একাডেমি মিলনায়তনে আলোচনা সভা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান।
- ০৬। জেলা প্রাথমিক শিক্ষা অফিস হতে সরবরাহকৃত জাতীয় শোক দিবস ২০১৯ এর পোস্টার সকল প্রাথমিক বিদ্যালয় ও ইবতেদায়ী মাদ্রাসায় প্রেরণ নিশ্চিত করতে হবে।
- ০৭। এছাড়া জাতীয় শোক দিবসে জেলা/উপজেলা পর্যায়ের সকল কর্মসূচিতে প্রাথমিক শিক্ষা বিভাগের কর্মকর্তা/কর্মচারী/শিক্ষক/শিক্ষার্থীদের উপস্থিতি নিশ্চিত করার জন্য তাঁকে অনুরোধ করা হলো।

  
(মোঃ কতুন আমীন)  
জেলা প্রাথমিক শিক্ষা অফিসার  
সাতক্ষীরা।  
০৪৭১-৬৩৪৩৯

উপজেলা শিক্ষা অফিসার (সকল)  
সাতক্ষীরা।

স্মারক নং-৩৮.০১.৮৭০০.১৪০.৯৯.০১৯.১৯-২০৮৫/৭ (১১৪০)

তারিখঃ ৩১/০৭/২০১৯ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো।

- ০১। সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা-১২১৬।
- ০৩। বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, খুলনা বিভাগ, খুলনা।
- ০৪। জেলা প্রশাসক, সাতক্ষীরা।
- ০৫। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), সাতক্ষীরা।
- ০৬। সহকারী উপজেলা শিক্ষা অফিসার (সকল), সাতক্ষীরা।
- ০৭। প্রধান শিক্ষক..... প্রাথমিক বিদ্যালয়/কিন্ডারগার্টেন/ইবতেদায়ী মাদ্রাসা, সাতক্ষীরা।
- ০৮। অফিস কপি।

  
(মোঃ কতুন আমীন)  
জেলা প্রাথমিক শিক্ষা অফিসার  
সাতক্ষীরা।